গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট
(এনজিও বিষয়ক শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০১৭.০২.০০১.২৪.৯৭

তারিখ: ৩০ চৈত্র, ১৪৩১
১৩ এপ্রিল, ২০২৫

| | | |
|---|---|---|
| বিষয় | : | মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ মাসের এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | এইচ এম রকিব হায়দার<br>জেলা প্রশাসক, লালমনিরহাট। |
| তারিখ ও সময় | : | ১৮ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ<br>সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |

উপস্থিতি : (সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)।

মার্চ, ২০২৫ মাসের এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। বিভিন্ন এনজিও এর কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ | এনজিও | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | নজির, লালমনিরহাট | অ্যাডমিন ম্যানেজার, নজীর সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসে লালমনিরহাট সদর উপজেলায় খুনিয়াগাছ ও রাজপুর ইউনিয়নের প্রতিবন্ধী ব্যক্তিদের থেরাপি সেবা প্রদান করা, বিভিন্ন পরামর্শ প্রদান করাসহ হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। সদর উপজেলার খুনিয়াগাছ ইউনিয়নে ঝরে পরা ৩০০ জন শিশুকে নিয়ে ১০টি প্রি-প্রাইমারী স্কুলে শিক্ষাদান করা হচ্ছে। | বিভিন্ন সামাজিক কর্মসূচির মাধ্যমে জনগণকে সচেতন করতে হবে। | নজীর, লালমনিরহাট |
| ০২ | ব্র্যাক, লালমনিরহাট | ব্র্যাক জেলা সমন্বয়কারী সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসে শিক্ষা প্রকল্পের আওতায় ব্র্যাক স্কুল ৮৩ টি এবং প্রি-প্রাইমারী স্কুল ২২ টি মোট ১০৫টি স্কুল চলমান রয়েছে। স্কুলে অভিভাবক সভা করা হয়েছে ৯৩টি। বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সভা করা হয়েছে ৩২টি। ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচির কার্যক্রমের অংশ হিসেবে ৬২৯ জন গর্ভবতী মহিলা চিহ্নিত করা হয়েছে, চশমা প্রদান করা হয়েছে ৪১ জনকে। দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | সামাজিক কর্মসূচির আওতায় সাধারণ মানুষকে অন্তর্ভূক্ত করতে হবে। | ব্র্যাক, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সুইসকন্ট্যাক্ট লালমনিরহাট | প্রজেক্ট অফিসার, সুইসকন্ট্যাক্ট লালমনিরহাট, সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসে ২৮ জন কমিউনিটি প্যারামেডিক ছাত্র-ছাত্রীদের পাঠদান চলমান রয়েছে। কমিউনিটি প্যারামেডিগণ তাদের স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রেখেছে। উত্তীর্ণ কমিউনিটি প্যারামেডিক ছাত্র-ছাত্রীদের নিয়ে ০১টি সাইন্টিফিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৮ জন কমিউনিটি প্যারামেডিক ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে ১১টি করে কোর্স মডিউল প্রদান করা হয়েছে। | স্বাস্থ্যসেবা অব্যাহত রাখতে হবে। মাসিক প্রতিবেদন যথাযথভাবে প্রদান করতে হবে। | সুইসকন্ট্যাক্ট লালমনিরহাট |
| ০৪ | কিন্ডার হিল্পস ওয়্যার্ক, লালমনিরহাট | নির্বাহী পরিচালক, কিন্ডার হিল্পস ওয়্যার্ক, লালমনিরহাট সভায় জানান যে, চাইল্ড স্পন্সরশিপ এন্ড এডুকেশন প্রকল্পের আওতায় লক্ষ্যমাত্রা ২৭৫ জন, অর্জন ২১৯ জন, সম্পূর্ণ বাজেট ৯০,০০০০০/- (নব্বই লক্ষ) টাকা, আলোচ্য মাসে প্রকৃত খরচ ৭,২৯,৮২৫/- (সাত লক্ষ উনত্রিশ হাজার আটশত পঁচিশ) টাকা এবং উপভোগীর সংখ্যা ২১৯ জন। | আর্থিক সহায়তা প্রদানের সময় স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত রাখতে হবে। | কিন্ডার হিল্পস ওয়্যার্ক, লালমনিরহাট |
| ০৫ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি | জেলা সমন্বয়কারী, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে প্রায়োরিটি প্রকল্পের আওতায় ৩০টি বিদ্যালয়ে ত্রিপল প্রদান, মান্থলি প্রজেক্ট টিম কো-অর্ডিনেশন এন্ড ম্যানেজমেন্ট মিটিং, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ট্রেনিং ফর ইডিসি মেম্বার। পরিবেশ প্রকল্পের আওতায়, নাগরিক সংগঠনের সাপ্তাহিক সভা অনুষ্ঠান আয়োজন, ভ্যাকসিন ক্যাম্প আয়োজন, চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে। | বিভিন্ন সামাজিক কর্মসূচির মাধ্যমে জনগণকে সচেতন করতে হবে। | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি |
| ০৬ | লেপ্রা বাংলাদেশ লালমনিরহাট | মনিটরিং অফিসার, লেপ্রা বাংলাদেশ, লালমনিরহাট সভায় জানান যে, কুষ্ঠ এবং গোদ রোগ বিষয়ে প্রকল্প চলমান রয়েছে। কুষ্ঠ রোগ বিষয়ে চলমান প্রকল্পের বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ২৫,৬০০/- (পঁচিশ হাজার ছয়শত ) টাকা এবং এ জেলার ৩ উপজেলায় ফেব্রুয়ারি/২৫ মাসে প্রত্যক্ষভাবে উপকারভোগী ২৭ জন। গোদ রোগ বিষয়ে প্রকল্পের মোট বরাদ্দ ১০,১৫০/- (দশ হাজার একশত পঞ্চাশ) টাকা, ২ উপজেলায় প্রত্যক্ষভাবে ১০ জন উপকৃত হয়েছেন। প্রকল্পের অগ্রগতি শতভাগ সম্পন্ন হয়েছে। | প্রতিমাসে রোগীদের আপডেট তথ্য প্রদান করতে হবে। | লেপ্রা বাংলাদেশ লালমনিরহাট |
| ০৭ | আরশীনগর, লালমনিরহাট | ম্যানেজার, আরশীনগর, লালমনিরহাট সভায় জানান যে, জেলায় ৫টি গুরুগৃহে মোট ৪৬ টি সংগীত সেশন অনুষ্ঠিত হয়েছে। লুপ্তপ্রায় ০৪টি ভাওয়াইয়া, ০১টি লোকগীতি সংগ্রহ করা হয়েছে, গুরুগৃহে সচেতনামূলক সেশন অনুষ্ঠিত হয়েছে, সেবামূলক কার্যক্রমের আওতায় ৯০০ এতিম শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। | সংগীত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আরশীনগর, লালমনিরহাট |
| ০৮ | উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, লালমনিরহাট | সেন্টার ম্যানেজার, উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসে চাইল্ড প্রোটেকশন প্যারেনটিং কারিকুলাম ২১৬ জন অভিভাবককে নিয়ে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হয় ৬১৪ জনকে ও খাবার প্রদান করা হয়। এছাড়াও হেলথ প্রোগ্রাম, ফুড সিকিউরিটি প্রোগ্রাম, শিক্ষা প্রোগ্রাম কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | **সামাজিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | ইএসডিও লালমনিরহাট | প্রতিনিধি, ইএসডিও, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ ৪৫৮১ টি U2 শিশুর ওজন ও উচ্চতা পরিমাপ করা হয়, ক্যাম্পেইন করে ২০৩৯ জন ৫ বছরের কম বয়সী শিশুর জন্ম নিবন্ধন করানো হয়েছে। এছাড়াও ১০৩৮ টি উঠান দলে স্বাস্থ্য সম্পর্কিত সেশন পরিচালনা করা হয়েছে। | স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | ইএসডিও লালমনিরহাট |
| ১০ | টিআইবি লালমনিরহাট | প্রতিনিধি, টিআইবি, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা শিক্ষা কর্তৃপক্ষের সাথে মতবিনিময় সভা, সিন্দুরমতি উপ-স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে এসিজির অধিপরামর্শ সভা, কমিউনিটি অ্যাকশন সভা, ইয়েস বিশেষ কর্মসূচি, সনাক কমিটির সভা এবং এসিজি গ্রুপের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | সনাক পরিচালিত বিভিন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। জনগণকে সচেতন করে তুলতে সেমিনার, দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করতে হবে। | সচেতন নাগরিক কমিটি (সনাক)/টিআইবি লালমনিরহাট |
| ১১ | আরডিআরএস বাংলাদেশ লালমনিরহাট | সমন্বয়ক, আরডিআরএস, লালমনিরহাট সভায় নিম্নোক্তভাবে তার কার্যালয়ের কার্যক্রম উপস্থাপন করেন: লালমনিরহাট জেলার ৫টি উপজেলায় ইউনিয়ন পর্যায়ে নিরাপদ প্রসব সেবা প্রদান করা হয়েছে মোট ২৪২ জন গর্ভবতী মহিলাকে। প্রসব পূর্ববর্তী ও পরবর্তী মোট ৩৬৪৫ জন নারীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর দ্বি-মাসিক সভা করা হয়েছে ০২টি, স্যাটেলাইট ক্লিনিক সম্পন্ন করা হয়েছে ১২০টি, মা ও নবজাতক শিশুর স্বাস্থ্যের উন্নয়নে বউ-শাশুরীর মেলা করা হয়েছে ০২টি। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিচালিত স্বাস্থ্যসেবা অব্যাহত রাখতে হবে এবং নারীদেরকে নরমাল ডেলিভারিতে উৎসাহ প্রদানে কাজ করতে হবে। | আরডিআরএস বাংলাদেশ লালমনিরহাট |
| ১২ | আশা, লালমনিরহাট | সিনিয়র আরএম, আশা, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে ৩৬টি পরিবারে সরাসরি স্যানিটারী ল্যাট্রিন স্থাপনে স্বল্প সুদে ৫,৫৮০০০/- (পাঁচ লক্ষ আটান্ন হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। সুবিধা বঞ্চিত দরিদ্র শিশুদের নিয়ে ১৯৫টি শিক্ষা কেন্দ্র গঠনপূর্বক প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। আশা শিক্ষা কর্মসূচির আওতায় প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত মোট ৬৩২২ শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন। | শিক্ষা কার্যক্রমের উপর অধিক গুরুত্বসহ নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে। | আশা, লালমনিরহাট |
| ১৩ | উদ্দীপন | আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে স্বাস্থ্যসেবার আওতায় ৪২৭ জন গ্রাহকের ডায়বেটিকস পরীক্ষা ও ২১০ জন গ্রাহকের ব্লাড গ্রুপ পরীক্ষাসহ বিভিন্ন জটিল রোগের বিষয়ে সচেতন করা হয়। এছাড়াও গ্রাম বা শহরে বিভিন্ন জায়গায় বিনামূল্যে ১০৫টি গরু ও ২০০টি হাস-মুরগির ভ্যাকসিন প্রদান করা হয়। নিরাপদ পানি এবং নিরাপদ স্যানিটেশন নিশ্চিত করার লক্ষ্যে ওয়াস কর্মসূচি চলমান রয়েছে। | স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | উদ্দীপন |
| ১৪ | এসএনভি নেদারল্যান্ড, লালমনিরহাট | ক্লাস্টার কো-অর্ডিনেটর, এসএনভি নেদারল্যান্ড, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট পৌরসভা আওতাধীন ৯টি ওয়ার্ডে বর্জ্য ব্যবস্থাপনা কাজে প্রাইভেট কোম্পানী অন্তর্ভূক্তকরণ এর জন্য কর্মশালার আয়োজন করা হয়েছে। পৌরসভার কর্মীদের পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থাপনার উপর অন-জব ট্রেনিং প্রদান চলমান রয়েছে। | কাজের গুণগত মানের উপর জোর দিতে হবে। | এসএনভি নেদারল্যান্ড, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | এডাব, লালমনিরহাট | এডাব, লালমনিরহাট প্রতিনিধি সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসে তার প্রতিষ্ঠানের কোন কার্যক্রম নেই। | এপ্রিল/২৫ মাসে মাসিক সভায় প্রেজেন্টেশন উপস্থাপন করবেন। | এডাব, লালমনিরহাট |
| ১৬ | বুরো বাংলাদেশ, লালমনিরহাট। | এলাকা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রয়ারি/২৫ মাসে মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি ও মৌলিক স্বাস্থ্য শিক্ষা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা কর্মসূচির আওতায় ৪টি উপজেলা, ০১ টি পৌরসভা, ৫৮টি গ্রাম, ১৮ টি ইউনিয়ন এ মোট ১৮০০০ পরিবারকে ৯০ জন কো-হেলথ এডুকেটর ০২ জন হেলথ সুপাইভাইজার এবং ট্রেইনারের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। মৃত ব্যক্তির ধর্মীয় আনুষ্ঠানিকতা পালনের নিমিত্ত ০৮ জনকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা সহায়তা প্রদান করা হয়েছে এবং ৪,৫৫,৩০৮/- (পাঁচ লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত আট) টাকা ঋণ মওকুফ করা হয়েছে। জেলায় ১৪ টি শাখায় ডিজিটালি লেনদেন হয়েছে ১৭৯৬ টি এবং মোট ০৬ টি পরিবারের মাঝে ০৬টি স্মার্ট ফোন প্রদান করা হয়েছে। | সামাজিক কার্যক্রমসহ স্বাস্থ্যসেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | বুরো বাংলাদেশ, লালমনিরহাট |
| ১৭ | মায়ের তরী | মায়ের তরী, প্রতিনিধি সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে ৯ টি গুরুগৃহে মোট ৭২ টি সংগীত সেশন অনুষ্ঠিত হয়। প্রতিটি গুরুগৃহে গড়ে ৪৯ জন করে মোট ৪৪১ জন শিক্ষার্থী প্রতি ক্লাসে সংগীত শিক্ষা গ্রহণ করেছে। মায়ের তরী পরিচালিত গুরুগৃহ সংগীত বিদ্যালয়গুলোর মধ্যে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ১৫ জন শিক্ষার্থীদের নিয়ে গঠিত "তরীর ক্লাশ"। যার প্রতি মাসে একটি করে ক্লাস অনুষ্ঠিত হয়। বিবেচ্যমাসে ৯ টি গুরুগৃহে ৩ বার করে মোট ২৭ বার পরিদর্শন করা হয়। | সামাজিক উন্নয়নমূলক কাজ যথাযথভাবে পালন করতে হবে। | মায়ের তরী |
| ১৮ | রাসা, লালমনিরহাট | প্রতিনিধি, রাসা, লালমনিরহাট সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ মাসে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম, শিক্ষা সহায়ক কার্যক্রম, বিজ্ঞান ভিত্তিক গবেষণা ও সভা সেমিনার আয়োজন, বাল্য বিবাহ প্রতিরোধে প্রশিক্ষণ ও ইতিবাচক সামাজিক পরিবর্তন বিষয়ক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। | সামাজিক উন্নয়নমূলক কাজ যথাযথভাবে পালন করতে হবে। | রাসা, লালমনিরহাট |
| ১৯ | বাংলাদেশ বন্ধু ফাউন্ডেশন, লালমনিরহাট | জেলা সমন্বয়ক, বাংলাদেশ বন্ধু ফাউন্ডেশন, লালমনিরহাট সভায় জানান যে, ফ্রেবুয়ারি/২০২৫ মাসে জেলায় ৫১৫টি পরিবারকে (বাণিজ্যিক ১৯টি চুলা, একমুখী ও দ্বি-মুখী ৪৯৬টি চুলা প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তন প্রশমন রোধে সভা করা হয়েছে ৩০টি। | সামাজিক উন্নয়নমূলক কাজ যথাযথভাবে পালন করতে হবে। | বাংলাদেশ বন্ধু ফাউন্ডেশন, লালমনিরহাট |
| ২০ | বিবিধ | ০১। এনজিও মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ ও সভায় আলোচ্য নতুন এজেন্ডা সভার পূর্বেই প্রেরণ এর জন্য আলোচনা করা হয়। সকল এনজিও প্রতিষ্ঠানকে সেবা প্রদানে আন্তরিক হতে হবে। সেবা গ্রহণকারী বা উপকারভোগীদের মধ্যে বাল্যবিবাহ ও মাদকদ্রব্য সেবন এর কুফলসমূহ আলোচনা করে সচেতন করতে হবে।<br><br>০২। লালমনিরহাট জেলায় সেবা প্রদানকারী এনজিওসমূহের মধ্যে মার্চ/২৫ মাসের এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় অনুপস্থিত ১২টি এনজিও এর তালিকা:<br>গণউন্নয়ন কেন্দ্র, উদয়ংকুর সেবা সংস্থা, টিএমএসএস, পপি, এসকেএস ফাউন্ডেশন, মানসিকা, গ্রাম উন্নয়ন কর্ম, ফিডা, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, মাটির মায়া, মুসলিম এইড বাংলাদেশ, সেইভ দ্যা চিলড্রেন। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। | সকল এনজিও সংস্থা, লালমনিরহাট |

পরিশেষে, লালমনিরহাট জেলায় কর্মরত সকল এনজিও এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং সেবা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ প্রদানপূর্বক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩.৪.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট
(এনজিও বিষয়ক শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০১৭.০২.০০১.২৪.৯৭

তারিখ ৩০ চৈত্র, ১৪৩১ / ১৩ এপ্রিল, ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার অনুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।

৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৫। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

৬। ----------------------------------------------------------------------।

১৩.৪.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট।